

## ইউজিসির উদ্বেগ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থার মান নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। উচ্চ শিক্ষার পাদপীঠ বিশ্ববিদ্যালয়গুলো যদি তাদের যথার্থ দায়িত্ব পালনে প্রশংসিত হয় তাহলে শিক্ষা কার্যক্রমের অস্তিত্ব ক্রমশই দৃশ্যমান হবে। ইতোমধ্যে এর সত্যতাও সবার সামনে উন্মোচিত হয়েছে। ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ 'কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্পের' অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত এক আলোচনা সভায় বর্তমানে উচ্চ শিক্ষার মান নিয়ে তার গভীর সংশয়ের কথা ব্যক্ত করেন। মানসম্মত শিক্ষার জন্য সৎ, দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকের প্রতিও সবাইকে নজর দিতে আহ্বান জানান। শিক্ষা প্রতিষ্ঠান জাতি গঠনের গুরুত্বপূর্ণ মাধ্যমই শুধু নয়, ভবিষ্যত প্রজন্মের সুদৃশ্য নির্মাতাও বটে। কিন্তু বর্তমানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ করে বিশ্ববিদ্যালয়সমূহে যে অস্তিত্বা, ছাত্র আন্দোলন, দিনের পর দিন ক্লাস বর্জনের মতো বিশ্বজ্ঞাল পরিস্থিতিতে উদ্বেগ-উৎকর্ষ সংশ্লিষ্ট প্রত্যেককেই বিচলিত করছে।

বিশ্ববিদ্যালয় দ্রুত অর্থোপার্জন ও ধনী হওয়ার মতো কোন পেশা নয়। মেধাবী, পরিশ্রমী, জ্ঞান সাধনায় নিমগ্ন শিক্ষকরাই এই মহৎ পেশায় নিজেকে নিবেদন করতে পারলেই শিক্ষার মান নিয়ে কোন প্রশ্ন উঠতে পারে না। নীতি-নৈতিকতা, আদর্শনিষ্ঠ, শিক্ষানুরাগী দৃঢ় প্রত্যয়ী শিক্ষকরা এমন সর্বোত্তম পেশায় নিজেদের কর্তব্য পালনে মনোযোগী হতে পারেন। কিন্তু তার উল্টোটা হলে জাতি গঠনে নেতৃত্বাচক প্রভাব পড়তে বাধ্য। বর্তমানের শিক্ষা পদ্ধতিতে জিপিএর মান নির্ণয়ের সঙ্গে জ্ঞানার্জনের বিস্তর পার্থক্য রয়েছে বলে এই বিজ্ঞ শিক্ষক মনে করেন। যার প্রভাব পড়ে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাগুলোতে। জিপিএ-৫-এর পেছনে দৌড়াতে গিয়ে মূল জ্ঞানস্প্লাহ অনেকটাই কমে যায়। ফলে ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ জিপিএ নিয়েও অনেকেই অক্ষমতার পরিচয় দিয়ে যাচ্ছে। এমন সঙ্কট থেকেও শিক্ষা ব্যবস্থাকে মুক্ত করতে হবে। মেধা ও মনন বিকাশ যেমন ব্যক্তিক সফলতার নির্ণয়ক, একইভাবে তা পুরো সমাজ গঠন প্রক্রিয়ায় নিয়ামক হিসেবে কাজ করে। এসব সারগর্ভ বার্তা আমলে নিয়ে শিক্ষা ব্যবস্থাকে আধুনিক ও উচ্চ মানসম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানানো হয়। বর্তমানে দেশের গুরুত্বপূর্ণ উচ্চ শিক্ষার পবিত্র অঙ্গন নানা বিশ্বজ্ঞালার আবর্তে পড়ায় এক ধরনের উদ্বেগ-উৎকর্ষ বিরাজ করছে। দেশের উচ্চ শিক্ষার পবিত্র অঙ্গনটি তার মূল আদর্শ, নিষ্ঠা ও সততা থেকে বিচ্যুত হওয়ায় পুরো জাতির জন্য তা অশনি সংক্ষেত। সেক্ষেত্রে শিক্ষার মতো সর্বজনীন ও প্রয়োজনীয় মাধ্যমকে সব ধরনের কল্যান থেকে মুক্ত করাই সবার আগে জরুরী।



**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত  
 শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিটার্স লিঃ ও জনকর্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি এ ৭৯৬।

কার্যালয়: জনকর্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন,  
জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com  
ই-জনকর্ত: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নং আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)